

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২০

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মুকীম ব্যক্তি যখন সফরে না থাকে তার জন্য মোজার উপর মাসেহ করাকে যে ব্যক্তি নাকচ করে, তার বক্তব্য অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من نفى جواز الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ لِلْمُقِيمِ إِذَا لَمْ يَكُنْ مسافراً

## আরবী

1320 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ الْمُسَيَّبِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نَافِعٍ عَنْ دَاؤُدَ بْنِ قَيْسٍ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَسُامَةَ بْنِ زَيْدٍ قَالَ: دَخَلَ بِلَالٌ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم الأسواف فَذَهَبَ أَسُامَة بْنِ زَيْدٍ قَالَ: دَخَلَ بِلَالٌ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم الأسواف فَذَهَبَ لِحَاجَتِهِ ثُمَّ خَرَجَ قَالَ أُسَامَةُ فَسَأَلْتُ بِلَالًا مَا صَنَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ لِحَاجَتِهِ ثُمَّ خَرَجَ قَالَ أُسَامَةُ فَسَأَلْتُ بِلَالًا مَا صَنَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ عَلَى الحَفين فَقَالَ بِلَالٌ: ذَهَبَ لِحَاجَتِهِ ثُمَّ تَوَضَيَّا فَغَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ وَمَسَحَ بِرَأْسِهِ وَمَسَحَ على الخفين ثم صلى.

الراوي: أُسَامَة بْن زَيْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1320 اخلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৩২০. উসামা বিন যাইদ রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "বিলাল রাদ্য়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে প্রবেশ করেন এমন অবস্থায় যে সে সময় তিনি আসওয়াফ নামক জায়গায় ছিলেন। তারপর তিনি তাঁর হাজত পূরণের জন্য যান অতঃপর বের হয়ে আসেন।" উসামা রাদ্য়াল্লাহু আনহু বলেন, "অতঃপর আমি বিলাল রাদ্য়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করলাম, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কী কাজ করেছেন?" বিলাল রাদ্য়াল্লাহু আনহু জবাবে বলেন, "তিনি তাঁর হাজত পূরণের জন্য যান, তারপর ওযূ করেন; তিনি মুখমুন্ডল ও দুই হাত ধৌত করেন, মাথা মাসেহ করেন এবং দুই পায়ের উপর মাসেহ করেন তারপর সালাত আদায় করেন।"[1]



## ফুটনোট

[1] হাকিম: ১/১৫১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২৮; নাসাঈ: ১/৮১; সুনান বাইহাকী: ১/২৭৫; তাবারানী: ১০৬৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৮৫; হাকিম: ১/১৫১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৭৭; আত তায়ালিসী: ১১১৬; হুমাইদী: ১৫০; মুসনাদ আহমাদ: ৬/১২; সহীহ মুসলিম: ২৭৫; আবূ দাউদ: ১৫৩; তিরমিযী: ১০১; নাসাঈ: ১/৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৩২০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন